২৭

দৈনিক সংবাদ

তারিখ ..06. DEC.-1997
পৃষ্ঠা ১১ কলাম ৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জালিয়াতি

# পরীক্ষা নিয়ন্ত্রকসহ ৫ জনের বিরুদ্ধে মামলা

॥ জসীম চৌধুরী সবুজ ॥

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ফলাফল জালিয়াতি, ভুয়া সার্টিফিকেট ইস্যু করার অভিযোগে দুর্নীতি দমন ব্যুরো বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক, উপ-পরীক্ষা নিয়ন্ত্রকসহ ৫ জনের বিরুদ্ধে হাটহাজারী থানায় মামলা দায়ের করেছে।

চট্টগ্রাম জেলা দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক একেএম নূরুল হুদা আজাদ কর্তৃক দায়েরকৃত মামলার আসামিরা হচ্ছেনঃ জি,এম,এ লতিফ খান, পরীক্ষা নিয়ন্ত্রক, কাজী হাবিবুর রহমান, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মোঃ নাসিরউদ্দিন, সেকশন অফিসার; এসএম নাসিরউদ্দিন, উর্ধ্বতন সহকারী ও রেবা রানী পাল, মুদ্রাক্ষরিক। মামলার অভিযোগেদ বলা হয়,দ চট্টগ্রাম ব্যিশ্ববিদ্যালয়ের এই পাঁচ কর্মকর্তা, কর্মচারী সংঘবদ্ধভাবে দীর্ঘদিন ধরে ফেল করা ছাত্রকে পাস করিয়ে দিয়ে হাজার হাজার জাল সার্টিফিকেট ইস্যু করেছেন।

তদন্তে দেখা গেছে, এই চক্রটি ১৯৯০, ৯১, ৯২ সালের ডিগ্রি (পাস) পরীক্ষায় বি,এ, বি,কম বিএসসি পরীক্ষায় দু' শতাধিক পরীক্ষার্থীর টেবুলেশন সিট অনুযায়ী প্রাপ্ত নম্বরে ফেল করা সত্ত্বেও তাদেরকে রেজাল্ট সিটে পাস দেখানো হয়। এমন ছাত্রকেও পাস দেখানো হয়েছে যে একটি বিষয়েও পাস করেনি। রেজাল্ট সিটে ফেল করা ছাত্রকে পাস দেখানোর পর তাদের নামে সার্টিফিকেটও ইস্যু করা হয়েছে। টেবুলেশন সিটের তুলনায় কয়েকগুণ বর্ধিত হারে নম্বর দেখিয়ে তা সংশ্লিষ্ট কলেজসমূহেও পাঠানো হয়েছে। এসব জাল সার্টিফিকেট ব্যবহার করে অনেকে উচ্চতর ডিগ্রির জন্য ভর্তি হয়েছে, কিংবা বিভিন্ন দপ্তরে চাকরি করছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তদন্ত করে এ ধরনের কিছু সার্টিফিকেট বাতিল করেছেন।